

## আন্তর্জাতিক অভিবাসন দিবস উপলক্ষে জাতিসংঘ মহাসচিবের বাণী

১৮ ডিসেম্বর

অভিবাসীরা শতাব্দী ধরে আজও বিশ্বের অর্থনীতি, সমাজ ও সংস্কৃতির অগ্রগতিতে যে বিশাল অবদান রাখছে তার স্বীকৃতি দেবার জন্য আন্তর্জাতিক অভিবাসন দিবস আমাদের সুযোগ করে দিচ্ছে। এক পরিসংখ্যানে দেখা গেছে বিশ্বের প্রতি ৩৫জন লোকের মধ্যে ১জন লোক অভিবাসী হিসেবে বসবাস ও কাজ করছে। বিশ্বের প্রতিটি দেশের জনসংখ্যার মধ্যে অভিবাসী লোক পাওয়া যায়। অভিবাসীদের মানবাধিকার রক্ষা ও শক্তিশালী করার বিষয়টি আজ আমাদের প্রত্যেকের কাছে গুরুত্ব পাচ্ছে। গত কয়েক বছরে অভিবাসন ক্ষেত্রে সহযোগিতা ও সমন্বয় সংক্রান্ত বিষয়ে আগ্রহ দেখা গেছে। আন্তর্জাতিক অভিবাসন সংক্রান্ত বিশ্ব কমিশন গঠনের মত কিছু পরামর্শমূলক কেন্দ্র গড়ে ওঠা অভিবাসন ক্ষেত্রে আগ্রহকেই প্রমাণ করছে। আমি আশা করি এই কাজ অভিবাসন সম্পর্কে জনগণকে ভাল ধারণা দেবে এবং তাদের দেশ গড়তে অভিবাসীরা জন্মসূত্রে নাগরিকদের মতই যে অবদান রাখছে তা বুঝতে সাহায্য করবে। আমি বিশ্বাস করি এই বিষয়ে কাজ করাটা ২০০৬ সালে সাধারণ পরিষদের অধিবেশনে আন্তর্জাতিক অভিবাসন ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে উচ্চ পর্যায়ের যে সংলাপ অনুষ্ঠিত হবার কথা রয়েছে তাতে আলোচনার জন্য গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সহায়তা করবে। সকল অভিবাসী শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের অধিকার রক্ষার বিষয়ে যে আন্তর্জাতিক সনদ রয়েছে তা অনুমোদন করার জন্যও আমাদের অবশ্যই কাজ করে যেতে হবে। শ্রমিকদের গোপন বা গুপ্ত অনুপ্রবেশ ও অনিয়মিত অভিবাসীদের চাকরি প্রদান প্রতিরোধ করতে একসাথে সকল রাষ্ট্রকেই কাজ করতে হবে বলে সনদে আহ্বান করা হয়েছে এবং এভাবেই শোষণ দূর করা সম্ভব হবে। আজ পর্যন্ত ২৭ টি রাষ্ট্র এই সনদ অনুমোদন করেছে। আমি অন্য সদস্য রাষ্ট্রকেও এটি অনুমোদন করার জন্য আহ্বান জানাচ্ছি। আমি অভিবাসী শ্রমিক ও তাদের পরিবারের মানবাধিকার রক্ষার বিষয়ে যে নতুন কমিটি গঠন করা হয়েছে সেখানে সকল রাষ্ট্রকে কাজ করা এবং সনদের শর্ত বাস্তবায়নে যেসব ব্যবস্থা নেয়া হয়েছে সে বিষয়ে কমিটির কাছে প্রতিবেদন দেয়ার জন্য আহ্বান জানাচ্ছি। সনদ অনুসারে যারা মনে করছে তাদের অধিকার লঙ্ঘিত হচ্ছে তারা যাতে কমিটির কাছে বিচার পাওয়ার জন্য অভিযোগ দাখিল করতে পারে সেজন্য কমিটিকে আইনগত স্বীকৃতি দেবার জন্য সকল রাষ্ট্রকে উৎসাহিত করছি। আন্তর্জাতিক অভিবাসন দিবসের এই দিনে আসুন আমরা সবাই অভিবাসন বিষয়ে সমন্বিত, সঙ্গতিপূর্ণ ও সর্বব্যাপী একটি কাঠামো তৈরির ব্যাপারে আমরা প্রতিজ্ঞাবদ্ধ হই। আসুন আমরা সবাই অভিবাসীদের অভিবাসী হিসেবে বিবেচনা না করে মানুষ হিসেবে বিবেচনা করে তাদের মানবাধিকার রক্ষার্থে যাতে আরও কাজ করতে পারি সেজন্য প্রতিজ্ঞাবদ্ধ হই।

\*\* \*\* \*